

## হিসেব

কতটুকু ভালবাসা দিলে,  
ক'তোড়া গোলাপ দিলে,  
কতটুকু সময়, কতটা সমুদ্র দিলে,  
ক'টি নির্ধূম রাত দিলে, ক'ফোঁটা জল দিলে চোখের --- সব যেদিন ভীষণ অ<sup>ৰ</sup>বেগে  
শোনাচ্ছিলে আমাকে বোঝাতে চাইছিলে আমাকে খুব ভালবাস, আমি বুঝে  
নিলাম তুমি  
আমাকে এখন আর একটুও ভালবাস না।  
ভালবাসা ফুরোলেই মানুষ হিসেব কষতে বসে, তুমিও বসেছ।

ভালভাসা ততদিনই...  
যতদিন এটি অন্ধ থাকে বধির থাকে  
যতদিন এটি বেহিসেবি থাকে।

তসলিমা নাসরিন

